

## সহীহ ইবনু হিব্বান (হাদিসবিডি)

হাদিস নাম্বারঃ ২০০

৫. কিতাবুল ঈমান (كِتَابُ الْإِيمَان)

পরিচ্ছেদঃ যে ব্যক্তি অন্তর থেকে ইয়াকীনের সাথে আল্লাহর একত্ববাদের সাক্ষ্য দিবে, তার জন্য জান্নাত ওয়াজিব হয়ে যাবে, কাজেই একনিষ্ঠভাবে স্বীকৃতি না দিয়ে শুধুমাত্র শাহাদাহ এর স্বীকৃতি দিলে তা জান্নাত অবধারিত করবে না- এই মর্মে বর্ণনা

ذِكْرُ الْبَيَانِ بِأَنَّ الْجَنَّةَ إِنَّمَا تَجِبُ لِمَنْ شَهِدَ لِلَّهِ جَلَّ وَعَلَا بِالْوَحْدَانِيَّةِ وَكَانَ ذَلِكَ عَنْ يَقِينٍ مِنْ قَلْبِهِ لَا أَنَّ الْإِقْرَارَ بِالشَّهَادَةِ يُوجِبُ الْجَنَّةَ لِلْمُقِرِّ بِهَا دُونَ أَنْ يُقِرَّ بِهَا بِالْإِخْلَاصِ

## আরবী

أَخْبَرَنَا عَلِيُّ بْنُ الْحُسَيْنِ الْعَسْكَرِيُّ بِالرَّقَّةِ قَالَ حَدَّثَنَا عَبْدَانُ بْنُ مُحَمَّدِ الْوَكِيلُ قَالَ حَدَّثَنَا بِن أَبِي زَائِدَةَ عَنْ سُفْيَانَ عَنْ عَمْرِو بْنِ دِينَارٍ عَنْ جَابِرٍ: أَنَّ مُعَاذًا لَمَّا حَضَرَتْهُ الْوَفَاةُ قَالَ: اكْشِفُوا عَنِي سِجْفَ الْقُبَّةِ سَمِعْتُ رَسُولَ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ يقول: "من شَهِدَ أَنْ لَا إِلَهَ إِلَّا اللَّهُ مُخْلِصًا مِنْ قَلْبِهِ دَخَلَ الْجَنَّةَ".

الراوي: جَابِر عن معاذ | المحدث: العلامة ناصر الدين الألباني | المصدر:

التعليقات الحسان على صحيح ابن حبان

الصفحة أو الرقم: 200 ا خلاصة حكم المحدث: صحيح.

## বাংলা

২০০. জাবির রাদিয়াল্লাহু আনহু থেকে বর্ণিত, তিনি বলেন, মুয়ায রাদিয়াল্লাহু আনহুর যখন মৃত্যুর সময় ঘনিয়ে আসে, তখন তিনি বলেন: 'তাবুর পর্দা উঠিয়ে দাও, আমি রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লামকে বলতে শুনছি, তিনি বলেছেন: 'যে ব্যক্তি অন্তর থেকে একনিষ্ঠভাবে এই সাক্ষ্ম দেয় য়ে, আল্লাহ ছাড়া প্রকৃত কোন মা'বুদ নেই, সে ব্যক্তি জাল্লাতে প্রবেশ করবে।'[1]

قَالَ أَبُو حَاتِمٍ رَضِيَ اللَّهُ تعالى عَنْهُ: قَوْلُهُ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ: "دَخَلَ الْجَنَّة", يُرِيدُ بِهِ جَنَّةً دُونَ جُنَّةٍ لِأَنَّهَا جِنَانٌ كَثِيرَةٌ فَمَنْ أَتَى بِالْإِقْرَارِ الَّذِي هُوَ أَعْلَى شُعَبِ الْإِيمَانِ وَلَمْ يُدْرِكِ الْعَمَلَ ثُمَّ مَاتَ أُدْخِلَ الْجَنَّةَ وَمَنْ أَتَى بَعْدَ الْإِقْرَارِ مِنَ الْأَعْمَالِ قَلَّ أَوْ كَثُرَ أَدْخِلَ الْجَنَّةَ جَنَّةً فَوْقَ تِلْكَ الْجَنَّةِ لِأَنَّ مَنْ كَثُرَ عَمَلُهُ عَلَتْ دَرَجَاتُهُ وَارْتَفَعَتْ جَنَّتُهُ لَا أَنَّ مِنَ الْأُعْمَالِ قَلَّ أَوْ كَثُرَ أَدْخِلَ الْجَنَّة وَاحِدَةً وَإِنْ تَفَاوَتَتْ أَعْمَالُهُمْ وَتَبَايَنَتْ لِأَنَّهَا جِنَانٌ كَثِيرَةٌ لَا جَنة واحدة



আবু হাতিম ইবনু হিবান রহিমাহল্লাহ বলেন: "রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লামের বক্তব্য: 'সে জান্নাতে প্রবেশ করবে' এর দ্বারা উদ্দেশ্য হলো ছোট জান্নাত। কারণ জান্নাতের সংখ্যা অনেক। কাজেই যে ব্যক্তি ঈমানের সর্বোচ্চ শাখা তথা শাহাদাহর স্বীকৃতি দান করবে অতঃপর কোন আমল করার সুযোগ পাওয়ার আগেই মারা যাবে, সে ব্যক্তি জান্নাতে প্রবেশ করবে। আর যে ব্যক্তি শাহাদাহর স্বীকৃতির পর অল্প বা বেশি আমল করার সুযোগ পায়, সেও জান্নাতে যাবে। তবে তার জান্নাত পূর্বের ব্যক্তির জান্নাতের চেয়ে বড় হবে। কেননা যার আমল বেশি হবে তার মর্যাদা ও জান্নাত সমুন্নত হবে। বিষয়টি এমন নয় যে, মুসলিমদের আমলের ভিন্নতা ও তারতম্য থাকার পরেও সব মুসলিম এক জান্নাতে প্রবেশ করবে। কারণ জান্নাতের সংখ্যা একটি নয় বরং অনেক।"

## ফুটনোট

[1] সহীহ মুসলিম: ৩২; হুমাইদী: ৩৬৯; মুসনাদ আহমাদ: ৫/২৩৬; ইবনু মান্দাহ: ১১; তাবারানী: ২০/৬৩।

হাদীসটিকে আল্লামা শুআইব আল আরনাউত রহিমাহুল্লাহ সহীহ বলেছেন। আল্লামা নাসির উদ্দিন আলবানী রহিমাহুল্লাহ হাদীসটিকে সহীহ বলেছেন। (আস সহীহাহ: ২৩৫৫।)

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিসবিডি 🛘 বর্ণনাকারীঃ জাবির ইবনু আবদুল্লাহ আনসারী (রাঃ)

🗕 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন